

ব্যাংকিং প্রাবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
চাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৩

ফেব্রুয়ারী ২৩, ২০১০
তারিখ : -----
ফাল্গুন ১১, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ধান, চাল ব্যবসায়ী ও চাতাল/মিল মালিকদের
খণ্ডের পরিশোধ সময়সীমা পুনর্নির্ধারণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭, তারিখ-মে ১২, ২০০৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা
যাচ্ছে।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে, চালের উর্ধ্বমূল্য বিবেচনায় বাজারে চালের সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে উক্ত সার্কুলার
লেটারের মাধ্যমে স্থানীয় মিল মালিকগণ কর্তৃক ধান ক্রয়ের ক্ষেত্রে প্রদেয় খণ্ডের পরিশোধ সময়সীমা সর্বোচ্চ ০৩(তিনি)
মাস অর্থাৎ ৯০ (নবই) দিন নির্ধারণ করে দেয়া হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, বেশ কিছু ব্যাংক কর্তৃক এ
নির্দেশনা পরিপালিত হচ্ছে না যা বাঙ্গালীয় নয়।

বিষয়টি পর্যালোচনাপূর্বক বাজারে চালের সরবরাহ নিশ্চিতকরণ ও উর্ধ্বমূল্য রোধকল্পে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত
হয়েছেঃ

(ক) Pledge এবং Hypothecation এর বিপরীতে রিভলভিং সিসি/ওডি খণ্ডের ক্ষেত্রে স্থানীয় মিল মালিকগণ
কর্তৃক ধান ক্রয়/অগ্রিম গ্রহণের তারিখ থেকে সর্বোচ্চ ০২ (দুই) মাস অর্থাৎ ৬০ (ষাট) দিনের মধ্যে গৃহীত অগ্রীমের
অর্থ আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করতে হবে।

(খ) ধান, চাল ব্যবসায়ীদেরকে Pledge এবং Hypothecation এর বিপরীতে রিভলভিং সিসি/ওডি খণ্ডের
ক্ষেত্রে খণ্ড গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ৪৫ দিন অন্তর গৃহীত অগ্রিম/খণ্ড আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করতে
হবে।

ইতোপূর্বে মঙ্গুরীকৃত/বিতরণকৃত খণ্ডের ক্ষেত্রেও এ নির্দেশনা কার্যকর হবে। সুত্রোক্ত সার্কুলার লেটারে বর্ণিত
অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতঃ অত্র বিভাগকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা
হলো।

অনুগ্রহপূর্বক প্রাণ্পন্ত স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্ব।/-
(মোঃ সোহরাওয়াদী)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫